

কারা অধিদপ্তর	
ক্রমিক নং	তারিখ
১. কারা অধিদপ্তর (সংস্কার)	১৩/০৩/২০২৩
২. কারা অধিদপ্তর (সংস্কার)	১৩/০৩/২০২৩
৩. কারা অধিদপ্তর (সংস্কার)	১৩/০৩/২০২৩
৪. কারা অধিদপ্তর (সংস্কার)	১৩/০৩/২০২৩
৫. কারা অধিদপ্তর (সংস্কার)	১৩/০৩/২০২৩
৬. কারা অধিদপ্তর (সংস্কার)	১৩/০৩/২০২৩
৭. কারা অধিদপ্তর (সংস্কার)	১৩/০৩/২০২৩
৮. কারা অধিদপ্তর (সংস্কার)	১৩/০৩/২০২৩
৯. কারা অধিদপ্তর (সংস্কার)	১৩/০৩/২০২৩
১০. কারা অধিদপ্তর (সংস্কার)	১৩/০৩/২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ  
কারা-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০  
www.ssd.gov.bd



তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৯  
১৩ মার্চ ২০২৩

স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.৯৭.০০৭.২৩.৯৮

প্রজ্ঞাপন

জনাব ইকবাল কবির চৌধুরী, সিনিয়র জেল সুপার (চ. দা.), যশোর কেন্দ্রীয় কারাগার, যশোর-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ২২-০৩-২০২৩ তারিখে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ছুটির প্রাপ্যতা সাপেক্ষে সরকারি চাকরি আইন-২০১৮ এর ৪৭ অনুচ্ছেদ মোতাবেক ২৩-০৩-২০২৩ হতে ২২-০৩-২০২৪ তারিখ পর্যন্ত ১ (এক) বছর অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো এবং ২৩-০৩-২০২৪ তারিখে তিনি চূড়ান্ত অবসর গ্রহণ করবেন।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

যোগাযোগ শাখা

14 MAR 2023

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে  
স্বাক্ষরিত/-  
(তাহুনিয়া রহমান চৌধুরী)  
উপসচিব  
ফোন-+৮৮০-২-২২৩৩৯০৯৯১  
E-mail: jail1@ssd.gov.bd

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৯  
১৩ মার্চ ২০২৩

স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.৯৭.০০৭.২৩.৯৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, যশোর।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো।)
- ৫। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যশোর।
- ৬। প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৭। জনাব ইকবাল কবির চৌধুরী, সিনিয়র জেল সুপার (চ. দা.), যশোর কেন্দ্রীয় কারাগার, যশোর।

(তাহুনিয়া রহমান চৌধুরী)  
উপসচিব

কারা অধিদপ্তর, ঢাকা

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.০৫.০০৭.২০২৩-২৬৬

তারিখ: ১৩ মার্চ ২০২৩

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, কারা-১ শাখার প্রজ্ঞাপন নং-৫৮.০০.০০০০.০৮৪.৯৭.০০৭.২৩-৯৮ তারিখ: ১৩/০৩/২০২৩ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো;

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. কারা উপ-মহাপরিদর্শক, খুলনা বিভাগ, সদর দপ্তর, যশোর;
২. জেলা প্রশাসক, যশোর। যশোর কেন্দ্রীয় কারাগারে সিনিয়র জেল সুপার পদায়ন না করা পর্যন্ত তাঁর কাজ স্থানীয় ব্যবস্থাপনায় চালিয়ে নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো;
৩. জনাব ইকবাল কবির চৌধুরী, সিনিয়র জেল সুপার (চ. দা.), যশোর কেন্দ্রীয় কারাগার। সিনিয়র জেল সুপার এর দায়িত্বভার স্থানীয় ব্যবস্থাপনায় অর্পণ করত: যথাসময়ে অবসর গ্রহণ ও শিফারএল-এ গমন করার জন্য অনুরোধ করা হলো।
৪. সিনিয়র জেল সুপার, যশোর কেন্দ্রীয় কারাগার। জনাব ইকবাল কবির চৌধুরী, সিনিয়র জেল সুপার (চ. দা:) এর নিকট কোনো অডিট আপত্তি এবং সরকারি পাওনা রয়েছে কিনা তা কারা অধিদপ্তরকে অবিলম্বে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। একইসাথে বিধি মোতাবেক তাঁর প্রাপ্য সকল পাওনাদি পরিশোধের জন্য নির্ভুল প্রস্তাব যথাসময়ে কারা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো।
৫. সিনিয়র জেল সুপার, ঢাকা/রংপুর/ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার। জনাব ইকবাল কবির চৌধুরী, সিনিয়র জেল সুপার (চ. দা:) সংশ্লিষ্ট কারাগারে কর্মরত থাকাকালীন কোনো সরকারি/ব্যক্তিগত পাওনা এবং কোনো অডিট আপত্তি রয়েছে কিনা তা অবিলম্বে কারা অধিদপ্তরের অবগতির মাধ্যমে যশোর কেন্দ্রীয় কারাগারকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৬. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যশোর;
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। প্রজ্ঞাপনটি কারা অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৮. শাখা প্রধান, অডিট শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। জনাব ইকবাল কবির চৌধুরী, সিনিয়র জেল সুপার (চ. দা:) এর নিকট কোনো অডিট আপত্তি রয়েছে কিনা তা অবিলম্বে সংস্থাপন-১ শাখাকে লিখিতভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৯. শাখা প্রধান, আইন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। জনাব ইকবাল কবির চৌধুরী, সিনিয়র জেল সুপার (চ. দা:) এর বিরুদ্ধে কোনো অভিযোগ/বিভাগীয় মামলা/শাস্তি চলমান রয়েছে কিনা তা অবিলম্বে সংস্থাপন-১ শাখাকে লিখিতভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
১০. ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১১. ব্যক্তিগত নথি।

(স্বাক্ষর) ১৩/৩/২৩  
শেখ সুজাউর রহমান  
কর্নেল  
অতিরিক্ত কারা মহাপরিদর্শক  
পক্ষে-কারা মহাপরিদর্শক  
ফোন: ৫৭৩০০২২২ (দপ্তর)  
add.ig@prison.gov.bd